

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮৮.১৯-৪৮৯

তারিখঃ ১০ আশ্বিন ১৪২৬ ব.
২৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ৭২০৭/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭২০৭/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭২০৭/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---------------|---|---|---|
| ৭২০৭/২০১৯ | সভাপতি, গভর্নিং বডি, বীরকয়া মহিলা টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ, বাগমারা, রাজশাহী এবং অন্য ০১ (এক) জন। | সচিব, টিএমইডি, ডিজি ডিটিই ও আরো অন্যান্যসহ পপমোট ০৭ (সাত) জন। | বিদ্যমান নীতিমালার আলোকে ০৬ (ছয়) টি বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্থাপন/পাঠদান/কোর্স খোলার ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, বাকাশিবো-কে অনুরোধ জানিয়ে টিএমইডি হতে ০৬/৬/২০১৮ তারিখে ৫৭.০০.০০০০.০৫২.১৬.০০১.১৭-৩৩০ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়। উক্ত পত্রের ফ্রমিক নং-০২ এ বর্ণিত রাজশাহী জেলার বাগমারা থানাধীন বীরকয়া মহিলা টেকনিক্যাল বি.এম কলেজ এর প্রতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে Academic/ Teaching permission প্রদানের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণে বিলম্ব করা হয়। ফলে উক্ত প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি কর্তৃক সংশ্লিষ্ট হয়ে একাডেমিক স্বীকৃতি প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৭২০৭/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ২৯/০৭/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনারের প্রতিষ্ঠানের Academic/Teaching permission প্রদানের বিষয়ে টিএমইডি হতে জারীকৃত ০৬/৬/২০১৮ তারিখের ৩৩০ নং পত্রের উপর কার্যকর ব্যবস্থা গ্রহণ না করা কেন বেআইনী ঘোষণা করা হবে না; এবং পিটিশনারের প্রতিষ্ঠানের Academic/Teaching permission প্রদানের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না; সে মর্মে ২৬/০৮/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে ব্যবস্থা গ্রহণপূর্বক সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৭২০৭/২০১৯ মামলায় ২৯/৭/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ১৫/১০/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৬। অফিস কপি/মাস্টার কপি।